গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তালতলী, বরগুনা।
www.taltali.barguna.gv.bd

স্মারক নং-০৫.১০.০৪৯০.০০০.১১.০০৪.২৪-২৪৯

তারিখঃ ২ ফাল্গুন ১৪৩০ / ১৫ ফেব্রুয়ারি ২০২৪

## নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম মন্ত্রণালয়ের অধীন ইসলামিক ফউন্ডেশন কর্তৃক বাস্তবায়িত তালতলী উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্রে নিম্নবর্ণিত পদে অস্থায়ী ভিত্তিতে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | পদের সংখ্যা | মাসিক সম্মানী (সর্ব সাকুল্যে) | যোগ্যতা |
|---|---|---|---|---|
| ০১ | পেশ ইমাম | ০১ (এক)টি | ১৫,০০০/- | ক) দ্বিতীয় শ্রেণির কামিল ডিগ্রী/দাওরায়ে হাদিস পাশ। কোনো প্রতিষ্ঠানে খতিব, মুফতি বা মুহাদ্দিস হিসেবে ০৫ (পাঁচ) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে<br>খ) হাফেজ-ই কোরআন ও ইলমে ক্বিরাত-এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্ত। হাফেজ-ই কোরআন অগ্রাধিকার পাবে।<br>গ) আরবিতে কথা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ, ইংরেজি ভাষায় দক্ষতা এবং ইসলামের উপর গবেষণাধর্মী প্রকাশনা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে। |
| ০২ | মুয়াজ্জিন | ০১ (এক)টি | ১০,০০০/- | ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/ প্রতিষ্ঠান থেকে সনদধারী। সংশ্লিষ্ট ক্ষেত্রে/মুয়াজ্জিন হিসেবে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ) হাফেজ-ই কোরআন ও ইলমে ক্বিরাত-এর ওপর স্বীকৃত প্রতিষ্ঠান কর্তৃক সনদপ্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া হবে।<br>গ) আরবিতে কথা বলা ও আরবিতে উপস্থিত খুতবা পাঠ, ইংরেজি ভাষায় দক্ষতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে এবং সাধারণ গাণিতিক জ্ঞান থাকতে হবে। |
| ০৩ | খাদিম | ০২ (দুই)টি | ৭,৫০০/- | ক) দ্বিতীয় শ্রেণির আলিম অথবা সমমানের কওমী শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন স্বীকৃত বোর্ড/প্রতিষ্ঠান থেকে সনদধারী।<br>খ) শারীরিকভাবে সুস্থ ও সক্ষম হতে হবে।<br>গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে/খাদিম হিসেবে ০১ (এক) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>ঘ) হাফেজ-ই-কোরআন অগ্রাধিকার দেওয়া হবে। |

শর্তাবলী:

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। স্থায়ী জনকাঠামো অনুমোদিত না হওয়া পর্যন্ত পরিচালনা কমিটি কর্তৃক সম্মানীর ভিত্তিতে জনবল নিয়োগ দেয়া হবে।

৩। আবেদকারীর নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা এবং মোবাইল নম্বর উল্লেখপূর্বক উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা ও সভাপতি, উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র, তালতলী, বরগুনা বরাবরে স্ব হস্তে আবেদন করতে হবে।

৪। প্রার্থীর স্ব-হস্তে লিখিত আবেদনপত্র আগামী ০৪ মার্চ ২০২৪ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/সরাসরি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৫। খামের উপর স্পষ্টাক্ষরে পদের নাম এবং বাম পাশে আবেদনকারীর পূর্ণ নাম ও ঠিকানা লিখতে হবে।

৬। আবেদনপত্রের সাথে যেসকল কাগজপত্র সংযুক্ত করতে হবে। ক) পরীক্ষার ফি বাবদ উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা এর অনুকূলে সোনালী ব্যাংক পিএলসি এর যে কোন শাখা হতে পেশ ইমাম ও মুয়াজ্জিন এর ক্ষেত্রে ৭০০/- (সাতশত) টাকা এবং খাদিম পদের ক্ষেত্রে ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনের সাথে সংযুক্ত করতে হবে, পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়। খ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক নাগরিকত্ব ও স্থায়ী ঠিকানা সনদপত্র। গ) ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র। ঘ) অনলাইন জন্ম নিবন্ধন সনদ (যদি থাকে) ও জাতীয় পরিচয়পত্রের সত্যাতিয় ফটোকপি। ঙ) সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি (স্ব-হস্তে নিজ নাম ছবির অপর পৃষ্ঠায় লিখতে হবে। সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি।

৭। কোন প্রার্থী একাধিক পদে আবেদন করলে বাতিল বলে গণ্য হবে। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৮। কোন তথ্য গোপন করে চাকরিতে নিয়োগপ্রাপ্ত হলে এবং ভবিষ্যতে তথ্য গোপনের বিষয়টি প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগাদেশ বাতিল করে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৯। কর্তৃপক্ষ নিয়োগপ্রাপ্ত জনবলের জন্য কোন আবাসনের ব্যবস্থা করতে বাধ্য নয়।

১০। নিয়োগের বিষয়ে কোন প্রকার সুপারিশ/তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে।

১১। প্রার্থীদের লিখিত এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই আবেদনের সাথে দাখিলকৃত সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি-বিধান অনুসরণ করা হবে।

১৩। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ এই নিয়োগ বিজ্ঞপ্তি পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

Stumpa ১৫/০২/২৪

(সিফাত আনোয়ার তুমপা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি
তালতলী, বরগুনা।

অনুলিপি (সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো)(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মাননীয় সংসদ সদস্য, ১০৯ বরগুনা-০১।
২। মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ইসলামিক ফাউন্ডেশন, আগাঁরগাও, শেরেবাংলা নগর, ঢাকা।
৩। প্রকল্প পরিচালক, 'প্রতিটি জেলা ও উপজেলায় একটি করে ৫৬০টি মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, আগাঁরগাও, শেরেবাংলা নগর, ঢাকা।
৪। জেলা প্রশাসক, বরগুনা।
৫। পুলিশ সুপার, বরগুনা।
৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৭। পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, বিভাগীয় কার্যালয়, বরিশাল।
৮। সহকারী কমিশনার (ভূমি), বরগুনা জেলা।
৯। উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, জেলা কার্যালয়, বরগুনা।
১০। অফিসার ইনচার্জ, তালতলী থানা, তালতলী, বরগুনা।
১১। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল), তালতলী উপজেলা (বিজ্ঞপ্তিটি তার কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
১২। সভাপতি/সম্পাদক,................................................................................................................।

Tumpa
১৫/০২/২৪

(সিফাত আনোয়ার তুমপা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা মডেল মসজিদ ও ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র পরিচালনা কমিটি
তালতলী, বরগুনা।